# হাসিনার ‘তথ্য–প্রমাণেই রায় হয়েছে, আপিলের সুযোগ থাকছে: অ্যাটর্নি জেনারেল




সংগৃহীত ছবি

ঝিনাইদহের শৈলকুপায় আয়োজিত এক মতবিনিময় সভা শেষে অ্যাটর্নি জেনারেল মোহাম্মদ আসাদুজ্জামান বলেন, শেখ হাসিনার বিরুদ্ধে দেওয়া রায় সম্পূর্ণ তথ্য-প্রমাণ যাচাই করেই দেওয়া হয়েছে। তবে আইন অনুযায়ী আসামিপক্ষ চাইলে রায়ের বিরুদ্ধে উচ্চ আদালতে আপিল করতে পারবে।

আরও উল্লেখ করেন, মাত্র ২০ দিনের মধ্যে ১,৪০০ এর বেশি মানুষকে গুলি করে হত্যার যে অভিযোগ জুলাই গণহত্যা মামলায় উঠে এসেছে—তা বিবেচনায় নিলে বিশ্বের যেকোনো আদালতেই অভিযুক্তদের দায় প্রমাণিত হতো। রায় কার্যকর করতে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে বলেও জানান তিনি।

অনুষ্ঠানে স্থানীয় বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকরা উপস্থিত ছিলেন।

LENS ASIA